গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

রেলপথ মন্ত্রণালয়

www.mor.gov.bd

আইসিটি সেল

রেলপথ মন্ত্রণালয়ের ইনোভেশন টিমের ২০১৮ সালের মার্চ মাসের সভার কার্যবিবরণীঃ

সভাপতি	মোঃ মোফাজ্জেল হোসেন সচিব
সভার তারিখ	১২.০৪.২০১৮ খ্রিস্টাব্দ।
সভার সময়	সকাল ১১.০০ টা।
স্থান	রেলভবনস্থ ২য় তলার সম্মেলন কক্ষ (কক্ষ নং-২১১)
উপস্থিতি	সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকাঃ পরিশিষ্ট 'ক'।

৩। সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন । অতঃপর তিনি সভার আলোচ্য বিষয় উপস্থাপন করার জন্য মন্ত্রণালয়ের প্রোগ্রামার ও ইনোভেশন টিমের সদস্য জনাব মোঃ মফিজ উদ্দিন-কে আহবান জানান। প্রোগ্রামার গত সভার কার্যবিবরণী সভায় পড়ে শোনান। কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় তা দৃঢ়করণ করা হয়। তিনি সভাকে অবহিত করেন যে, মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা এবং অত্র মন্ত্রণালয়ের ইনোভেশন টিমের ২০১৭-১৮ সালের বাৎসরিক উদ্ভাবনী কর্মপরিকল্পনা অনুযায়ী আজকের এ সভা আহবান করা হয়েছে। সভার আলোচ্যসূচী অনুযায়ী বিস্তারিত আলোচনার পর নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ সর্বসম্মতিক্রমে গৃহীত হয়ঃ

ক্রমিক নং	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্মকর্তা
০১	ইনোভেশন টিমের ২০১৭-২০১৮ অর্থ বছরের উদ্ভাবনী কর্মপরিকল্পনার ৪ নং ক্রমিকের "মন্ত্রণালয়ের বাইরে ৫ দিন ব্যাপী উদ্ভাবনী প্রশিক্ষণ কর্মশালার আয়োজন করা" ও ১০ নং ক্রমিকের "মন্ত্রণালয়ে উদ্ভাবন সংক্রান্ত ২ দিনের প্রশিক্ষণ আয়োজন" বাস্তবায়নের জন্য যথাক্রমে জুলাই ২০১৭ - নভেম্বর ২০১৭ ও জুলাই ২০১৭ - জুন ২০১৮ তারিখ নির্ধারিত ছিল। দেখা যায় প্রথমোক্ত Target টি (০৫ দিন ব্যাপী উদ্ভাবনী প্রশিক্ষণ) নির্ধারিত সময়ে অর্জন করা সম্ভব হয়নি। তবে এ বিষয়ে ইতোপূর্বে গঠিত কমিটির আহবায়ক জানান যে, ২২-২৬ এপ্রিল ২০১৮ তারিখ ০৫ দিন প্রশিক্ষণটি বাংলাদেশ রেলওয়ের ট্রেনিং একাডেমি চট্টগ্রামে আয়োজনের সিদ্ধান্ত নেওয়া হয়েছে। উক্ত তারিখের ০৫ দিনের কর্মশালা অনুষ্ঠান নিশ্চিত করা এবং জুন ২০১৮ এর আগেই নির্ধারিত ০২ দিনের প্রশিক্ষণ নিশ্চিত করণের বিষয়ে আলোচনা হয়।	২২-২৬ এপ্রিল ২০১৮ তারিখে মন্ত্রণালয়ের বাইরে ৫ দিন ব্যাপী উদ্ভাবনী প্রশিক্ষণ কর্মশালার বাস্তবায়ন করতে হবে; অতঃপর মে ২০১৮ মাসের মধ্যে মন্ত্রণালয়ে উদ্ভাবন সংক্রান্ত ২ দিনের প্রশিক্ষণের আয়োজন করতে হবে।	১। অতিরিক্ত সচিব ও চীফ ইনোভেশন অফিসার রেলপথ মন্ত্রণালয়। ২। প্রোগ্রামার, রেলপথ মন্ত্রণালয়।

০২	ইনোভেশন টিমের ২০১৭-২০১৮ অর্থ বছরের উদ্ভাবনী কর্মপরিকল্পনার ৭ নং ক্রমিকের "মন্ত্রণালয়ের উদ্যোগে মাঠ পর্যায়ের উদ্ভাবনী পাইলট উদ্যোগ পর্যালোচনা/শোকেসিং" ৮ নং ক্রমিকের "স্কেলআপ/রেপ্লিকেশনের জন্য মন্ত্রণালয়/অধিদপ্তর/মাঠ পর্যায়ের উদ্ভাবনী উদ্যোগ চিহ্নিতকরণ" ও ৯ নং ক্রমিকের "রেপ্লিকেশন সম্পন্ন উদ্ভাবনী পাইলট উদ্যোগের ডকুমেন্টেশন সংরক্ষণ" এর বিষয়ে আলোচনা হয়। কর্মপরিকল্পনা তিনটি জুলাই ২০১৭ - জুন ২০১৮ তারিখের মধ্যে সম্পন্নের জন্য নির্ধারিত আছে। এ বিষয়ে ইতোপূর্বে গঠিত কমিটির আহবায়ক যুগ্ম-সচিব (আইন) জানান যে, কমিটি একটি সভা করে ০৫ টি উদ্যোগ শোকেসিং এর জন্য নির্বাচন করা হয়েছে। এ বিষয়গুলো বাস্তবায়নে যারা কারিগরী সহায়তা দিচ্ছে তাদের সাথে ১৫-২০ এপ্রিল ২০১৮ এর মধ্যে আলোচনা করে কিভাবে শোকেসিং করা হবে তা নির্ধারণ করা হবে।	১৫ জুন ২০১৮ তারিখের মধ্যে উল্লিখিত শোকেসিং ও রেপ্লিকেশনের আয়োজন নিশ্চিত করতে হবে।	১। মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা। ২। গঠিত কমিটি
০৩	ইনোভেশন টিমের ২০১৭-২০১৮ অর্থ বছরের উদ্ভাবনী কর্মপরিকল্পনার ১১ নং ক্রমিকের "উদ্ভাবনী উদ্যোগ গ্রহণের জন্য মাঠ পর্যায়ের কর্মকর্তাকে প্রণোদনা প্রদান করা (পুরস্কার/ডিও লেটার/স্বীকৃতি ইত্যাদি)" ও ১২ নং ক্রমিকের "উদ্ভাবনী উদ্যোগ গ্রহণের জন্য মন্ত্রণালয়/মাঠ পর্যায়ের কর্মকর্তাগণ-কে বিদেশ প্রশিক্ষণে প্রেরণ" এর বিষয়ে আলোচনা হয়। এ বিষয়ে ইতোপূর্বে গঠিত কমিটির আহবায়ক যুগ্ম-সচিব (আইন) জানান যে, ইতোমধ্যে একটি সভা অনুষ্ঠিত হয়েছে। আরও দুই একটি সভা করে বিষয়টি চূড়ান্ত করা হবে।	গঠিত কমিটি প্রণোদনা বিষয়ে একটি গাইড লাইন প্রস্তুত করে আগামী সভায় দাখিল করবেন।	১। মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা। ২। গঠিত কমিটি
০৪	সেবা সহজিকরণ বিষয়ে মন্ত্রিপরিষদ বিভাগের ১৭ ডিসেম্বর ২০১৭ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণীর নির্দেশনা মোতাবেক অত্র মন্ত্রণালয়ের সেবা সহজীকরণের বিষয়ে আলোচনা হয়। এ বিষয়ে গঠিত কমিটির প্রতিবেদন সভাতে উপস্থাপন করা হয়।	সেবা সহজীকরণের বিষয়ে গঠিত কমিটির সুপারিশ মোতাবেক ধাপ কমানোর বিষয়ে প্রতিবেদন অনুসারে প্রশাসন অনুবিভাগ হতে একটি অফিস আদেশ জারী করতে হবে।	১। যুগ্ম-সচিব (প্রশাসন), রেলপথ মন্ত্রণালয়। ২। গঠিত কমিটি

০৫	বাংলাদেশ রেলওয়ের ট্রেন চলাচল সংক্রান্ত তথ্যাদি সহজে, স্বল্পখরচে এবং দ্রুততম সময়ে সর্বসাধারণের কাছে পৌঁছে দেওয়ার জন্য "মোবাইল অ্যাপস" এর বিকল্প হিসাবে রেলওয়ের Hot Line /Call Center ১৩১ এর মাধ্যমে ট্রেনের ভাড়া, ট্রেনের সময়সূচি ইত্যাদিসহ প্রয়োজনীয় তথ্য জনগণকে জানানোর জন্য কার্যক্রম গ্রহণের বিষয়ে আলোচনা কালে অতিরিক্ত-মহাপরিচালক (অপারেশন) সভায় অবহিত করেন যে, এ বিষয়ে একটি কমিটি গঠন করা হয়েছে, গঠিত কমিটির ৩ টি সভা হয়েছে এবং কমিটির কার্যক্রম চলমান রয়েছে।	গঠিত কমিটি আগামী সভায় বাস্তবায়ন অগ্রগতির প্রতিবেদন পেশ করবেন।	১। অতিরিক্ত মহাপরিচালক (অপারেশন), বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা। ২। গঠিত কমিটি।
০৬	বাংলাদেশ রেলওয়ের ১৩ টি (ঢাকা, ঢাকাবিমানবন্দর, চট্টগ্রাম, কুমিল্লা, ফেনী, সিলেট, ময়মনসিংহ, রাজশাহী, বগুড়া, রংপুর, দিনাজপুর, যশোর ও খুলনা) স্টেশনে চালুকৃত wi-fi সেবার মান বৃদ্ধিপূর্বক আরো নতুন করে ১২ টি (লাকসাম, আখাউড়া, ঈশ্বরদী, লালমনিরহাট, নরসিংদি, বনানী, ঢাকা ক্যান্টনমেন্ট, চাঁদপুর, ভৈরববাজার, জামালপুর, পার্বতীপুর, সৈয়দপুর,) স্টেশনে wi-fi চালু করার বিষয়ে QUBEE হতে প্রাপ্ত সংশোধিত কর্মপরিকল্পনা অনুযায়ী কাজ সম্পন্ন করার বিষয়ে আলোচনা হয়। QUBEE এর প্রতিনিধি সভায় জানান যে, ৪ টি (বনানী, নরসিংদি, ঢাকা ক্যান্টনমেন্ট, ভৈরববাজার) স্টেশনে wi-fi চালু করার কাজ চলছে যাহা ২১ এপ্রিলের মধ্যে সম্পন্ন হবে। তিনি আরও জানান যে, ঢাকা ক্যান্টনমেন্ট স্টেশনে ফাইবার অপটিক্যাল ক্যাবল স্থাপনের জন্য ক্যান্টনমেন্ট কর্তৃপক্ষের অনুমতির প্রয়োজন হতে পারে।	i) QUBEE হতে প্রাপ্ত সংশোধিত কর্মপরিকল্পনা অনুযায়ী কাজের বাস্তবায়ন অগ্রগতির প্রতিবদেন আগামী সভায় পেশ করতে হবে। ii) ফাইবার অপটিক্যাল ক্যাবল স্থাপনের জন্য ক্যান্টনমেন্ট কর্তৃপক্ষের অনুমতির প্রয়োজন হলে বাংলাদেশ রেলওয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।	১। মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা। ২। অতিরিক্ত মহাপরিচালক (অপারেশন), বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা। ৩। সিএসটিই/টেলিকম, বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা। ৪। QUBEE
০৭	বাংলাদেশ রেলওয়ের আন্তঃনগর ট্রেনে wi-fi চালু করার বিষয়ে Robi Axiata Ltd. এর প্রতিনিধি সভায় জানান যে, ৩১ মে ২০১৮ তারিখের মধ্যে i) সোনারবাংলা এক্সপ্রেস ii) সুবর্ণ এক্সপ্রেস iii) পারাবত এক্সপ্রেস iv) সুন্দরবন এক্সপ্রেস v) একতা এক্সপ্রেস vi) ধুমকেতু এক্সপ্রেস) সংশোধিত কর্মপরিকল্পনা অনুযায়ী ট্রেনের wi-fi কাজ শেষ করবেন।	সংশোধিত কর্মপরিকল্পনা অনুযায়ী ৩১ মে ২০১৮ তারিখের মধ্যে কাজ সম্পন্ন করার বিষয়ে বাস্তবায়ন অগ্রগতি আগামী সভায় পেশ করতে হবে।	১। মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা। ২। অতিরিক্ত মহাপরিচালক (অপারেশন), বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা। ৩। সিএসটিই/টেলিকম, বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা। ৪। Robi Axiata Ltd.

০৮	বাংলাদেশ রেলওয়েতে ব্যবহারের জন্য পোর্টেবল ইলেক্ট্রনিক মেশিন সিস্টেম (POS Machine) এর মাধ্যমে টিকেট বিক্রি করার বিষয়ে আলোচনা হয়। ইতোপূর্বে এ বিষয়ে একটি কমিটি গঠন করা হয়েছে। কমিটির আহবায়ক পরিচালক (পরিবহণ), বাংলাদেশ রেলওয়ে। যুগ্ম-মহাপরিচালক (অপারেশন), বাংলাদেশ রেলওয়ে জানান যে, সিএসআরটিএস (CSRTS) প্রতিষ্ঠানের নিকিট হতে একটি প্রস্তাব পাওয়া গেছে। অতিরিক্ত মহাপরিচালক (অপারেশন) জানান যে, আগামী জুনের মধ্যে অন্তত ৩ টি (POS Machine) ক্রয় করা হবে।	আগামী জুনের মধ্যে (POS Machine) চালু করতে হবে।	১। মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা। ২। অতিরিক্ত মহাপরিচালক (অপারেশন), বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা। ৩। পরিচালক (পরিবহন), বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা।
০৯	বাংলাদেশ রেলওয়ের গুরুত্বপূর্ণ স্টেশনসমূহে মালামাল বহনের জন্য উন্নতমানের ট্রলি সরবরাহ ও ট্রলির সংখ্যা বাড়ানোর বিষয়ে আলোচনা হয়। সভাতে অতিরিক্ত মহাপরিচালক (অপারেশন) জানান যে, ইতোমধ্যে ৭০ টি নতুন ট্রলি সরবরাহ করে ঢাকার ক্যান্টনমেন্ট স্টেশনে দেওয়া হয়েছে বাকী ট্রলি সরবরাহ প্রক্রিয়াধীন রয়েছে। তাই আলোচনার তালিকা হতে এটা বাদ দেওয়ার জন্য প্রস্তাব করেন।	সিদ্ধান্তটি বাস্তবায়ন হওয়ায় আলোচনা তালিকা হতে বাদ দেওয়া যেতে পারে।	১। মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা। ২। অতিরিক্ত মহাপরিচালক (অপারেশন), বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা। ৩। যুগ্ম-মহাপরিচালক (অপারেশন), বাংলাদেশ রেলওয়ে ৪। রেইনবো
১০	রেলপথ মন্ত্রণালয় ও বাংলাদেশ রেলওয়ের সিটিজেন চার্টার রেলভবনের ২য় তলায় পিলারের ওপরে প্রদর্শন করার বিষয়ে আলোচনা হয়। এ বিষয়ে গঠিত কমিটির আহবায়ক ও যুগ্ম-সচিব (প্রশাসন) সভাতে জানান যে, ইতোমধ্যে সিটিজেন চার্টার প্রস্তুতপূর্বক এ মন্ত্রণালয়ের ওয়েবসাইটে আপলোড করা হয়েছে। ডিজি, বিআর হতে এ বিষয়ে প্রতিবেদন পাওয়া গেছে তবে তাঁর ভিন্ন কোন মতামত নেই।	সিদ্ধান্তটি বাস্তবায়ন হওয়ায় আলোচনা তালিকা হতে বাদ দেওয়া যেতে পারে।	১। মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা। ২। যুগ্ম-সচিব (প্রশাসন), রেলপথ মন্ত্রণালয়। ৩। উপ-সচিব (প্রশাসন), রেলপথ মন্ত্রণালয়।
১১	ইনোভেশন বক্সে প্রাপ্ত আইডিয়া পর্যালোচনায় প্রোগ্রামার জানান যে, মার্চ ২০১৮ মাসে কোন ইনোভেশন আইডিয়া পাওয়া যায় নাই। তবে লিখিত আইডিয়া ছাড়াও সম্প্রতি রেলওয়ে ফ্যান ক্লাবের সদস্যগণ ও সাধারণ যাত্রীগণ ফেসবুকসহ অন্যান্য সামাজিক মাধ্যমে বিভিন্ন বিষয়ে অভিযোগ করে থাকেন।	অত্র মন্ত্রণালয়ের ইনোভেশন বক্স, ফেসবুক ও রেলওয়ে ফ্যানক্লাব হতে প্রাপ্ত অভিযোগ সমূহের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য ডিজি, বিআর এর নিকট প্রেরণ করতে হবে।	১। মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা। ২। উপ-সচিব (প্রশাসন), রেলপথ মন্ত্রণালয়। ৩। প্রোগ্রামার, রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা।

১২	অত্র মন্ত্রণালয়ের ইনোভেশন টিমের ২০১৭-২০১৮ অর্থবছরের উদ্ভাবনী কর্মপরিকল্পনার ১৪ নং অনুচ্ছেদের ট্রেনিং ইনস্টিটিউটে প্রশিক্ষণ কারিকুলামে ডিজিটাল বাংলাদেশ ও ইনোভেশন সেশন অন্তর্ভূক্ত করার বিষয়ে পূর্বের সভায় উপস্থাপিত খসড়া Module এর উপর ট্রেনিং ইনস্টিটিউটের রেক্টর ও মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে হতে প্রাপ্ত পর্যালোচনায় দেখা যায় ইনোভেশন ও ডিজিটাল বাংলাদেশ শিরোনামে ট্রেনিং ইনস্টিটিউটের যেকোন ট্রেনিং কারিকুলামে সেশন যুক্ত করার নির্দেশনা ছিল। এ বিষয়ে আলাদা কোন ট্রেনিং আয়োজনের নির্দেশনা ছিল না। ডিজি, বিআর মন্ত্রণালয় কর্তৃক প্রস্তাবিত ট্রেনিং কন্টেন্ট নিয়ে দ্বিমত পোষণ করেননি তবে যে সময় বন্টণ দেখিয়েছেন তা প্রায় ৫ সপ্তাহের। যেহেতু ইনোভেশন ও ডিজিটাল বাংলাদেশ সম্পর্কে প্রাথমিক ধারণা দেওয়াই মূল লক্ষ্য সেহেতু এ বিষয়ে প্রায় ৫ সপ্তাহ ট্রেনিং আয়োজনের সুযোগ কম। তাই ইতোপূর্বে রেলপথ মন্ত্রণালয়ের প্রণীত খসড়া মডিউলের সাথে "ইনোভেশন পরিচিতি" ১ ঘন্টা যোগ করে মোট ১৪ (চৌদ্দ) ঘন্টার মডিউলটি অনুমোদন করার বিষয়ে আলোচনা হয়।	মন্ত্রণালয় কর্তৃক উপস্থাপিত মোট ১৪ ঘন্টার ট্রেনিং Module অনুমোদন করা হলে Module টি বাংলাদেশ রেলওয়ে ট্রেনিং ইনস্টিটিউটের কারিকুলামে অন্তর্ভূক্তি করণের প্রয়োজনীয় ব্যবস্থা করতে হবে।	১। মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা। ২। রেক্টর, বাংলাদেশ রেলওয়ে।

৪। সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

মোঃ মোফাজ্জেল হোসেন
সচিব

স্মারক নম্বর: ৫৪.০০.০০০০.০১৫.০৬.০০১.১৭.৭৬

তারিখ: ১০ বৈশাখ ১৪২৫
২৩ এপ্রিল ২০১৮

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। (দৃ: আ: মোছাঃ শিরিন সবনম, সিনিয়র সহকারী সচিব, ই-গভর্নেন্স-২ শাখা)।

২) মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা।

৩) অতিরিক্ত সচিব, রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা।

৪) প্রকল্প পরিচালক, এটুআই প্রোগ্রাম, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।

৫) যুগ্মসচিব, প্রশাসন অনুবিভাগ, রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা।

৬) যুগ্মসচিব, আইন-১ অধিশাখা, রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা।

৭) উপসচিব, প্রশাসন অধিশাখা, রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা।

৮) সিএসটিই টেলিকম, বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা।

৯) অতিরিক্ত মহাপরিচালক (অপারেশন), বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা।

১০) যুগ্ম-মহাপরিচালক (অপারেশন), বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা।

১১) পরিচালক, পরিবহন, বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা।

১২) সচিবের একান্ত সচিব, রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা।

মোঃ মফিজ উদ্দিন
প্রোগ্রামার